তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ১২ কলাম ২

দৈনিক
আমাদের সময়

ছাত্রলীগের দুগ্রুপে সংঘর্ষ

# সৈয়দ নজরুল মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা

**কিশোরগঞ্জ প্রতিনিধি ●**

ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষকে কেন্দ্র করে কিশোরগঞ্জে সৈয়দ নজরুল ইসলাম মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। সেই সঙ্গে গতকাল রোববার বিকালের মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়ারও নির্দেশ দেওয়া হয়েছে।

মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. রুহুল আমিন খান সাংবাদিকদের জানান, সৈয়দ নজরুর ইসলাম মেডিক্যাল কলেজ ছাত্রলীগের নতুন কমিটি গঠনকে কেন্দ্র করে শনিবার রাতে সংগঠনটির দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এতে বেশ কয়েকজন ছাত্র আহত হন। এতে ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে শনিবার রাতেই কর্তৃপক্ষ জরুরি বৈঠকে বসে। ওই বৈঠকের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে রোববার সকাল থেকে অনির্দিষ্টকালের জন্য মেডিক্যাল কলেজ বন্ধ ঘোষণা করা হয় এবং ওই দিন

এরপর পৃষ্ঠা ৬, কলাম ২

## সৈয়দ নজরুল মেডিক্যাল

(শেষ পৃষ্ঠার পর) বিকাল ৫টার মধ্যে শিক্ষার্থীদের আবাসিক হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়। এদিকে উক্ত ঘটনাকে কেন্দ্র করে কলেজের উপাধ্যক্ষ সজল কুমার সাহাকে প্রধান করে ৫ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ৭ থেকে ১০ দিনের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে বলেও জানান অধ্যক্ষ ডা. রুহুল আমিন খান।